গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০১.২০-১৬৭২

তারিখ: ১২ ডিসেম্বর, ২০২১
২৭ অগ্রহায়ণ, ১৪২৮

# অফিস আদেশ

স্বাস্থ্য সেবা বিভাগের রাজস্ব খাতভুক্ত ৩য় ও ৪র্থ শ্রেণির পদে সরাসরি/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশের প্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত সরাসরি নিয়োগযোগ্য **'কম্পিউটার অপারেটর'** পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৩তম গ্রেডে টাকা ১১,০০০-২৬,৫৯০/- বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে অস্থায়ী ভিত্তিতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হল:

| ক্রমিক নং | রোল নং | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১. | ১৩০০১৬৭৬ | প্রার্থীর নাম:- মোছাঃ আমেনা খাতুন<br>পিতার নাম:- মোঃ আলিফনুর মিয়া | গ্রাম:- বাগবাড়ী, ডাকঘর:- বড়ুয়াহাট, উপজেলা:- কাউনিয়া, জেলা:- রংপুর |
| ২. | ১৩০০১৪১৬ | প্রার্থীর নাম:- মোঃ সাইমুন ইসলাম মিতু<br>পিতার নাম:- আব্দুল হালিম আকন্দ | গ্রাম:- পূর্ব দরিল্লা, ডাকঘর:- পাছদরিল্লা, উপজেলা:- নান্দাইল, জেলা:- ময়মনসিংহ |
| ৩. | ১৩০০১৫৬১ | প্রার্থীর নাম:- নাহিদ হাসান আহমেদ<br>পিতার নাম:- নেছার উদ্দীন আহমেদ | গ্রাম:- গোবিন্দপুর, ডাকঘর:- দুর্বাডাঙ্গা, উপজেলা:- মনিরামপুর, জেলা:- যশোর |
| ৪. | ১৩০০১৫৬৩ | প্রার্থীর নাম:- মোঃ সাইফুর রহমান<br>পিতার নাম:- মোঃ আনিসুর রহমান তালুকদার | গ্রাম:- দক্ষিন ভুতেরদিয়া, ডাকঘর:- কেদারপুর, উপজেলা:- বাবুগঞ্জ, জেলা:- বরিশাল |
| ৫. | ১৩০০০৬৮৩ | প্রার্থীর নাম:- আফিফা ওয়াহিদা<br>পিতার নাম:- মোঃ আতাহার আলী | বাসা/হোল্ডিং: ৩৭, গ্রাম/রাস্তা: রোড-০৪, ব্লক-এ, বাউনিয়া (পার্ট), ডাকঘর: বাদালদী-১২৩০, তুরাগ, জেলা: ঢাকা |
| ৬. | ১৩০০১৪৭৪ | প্রার্থীর নাম:- মোঃ সাইফ আহমেদ<br>পিতার নাম:- মোঃ নিজাম উদ্দীন সরকার | বাসা/হোল্ডিং: সরকার বাড়ি, গ্রাম/রাস্তা:- এনায়েতনগর, ডাকঘর:- এনায়েতনগর-৩৬৪০, উপজেলা:- মতলব উত্তর, জেলা:- চাঁদপুর |
| ৭. | ১৩০০০৯৩৭ | প্রার্থীর নাম:- আসাদুল ইসলাম<br>পিতার নাম:- আব্দুল হাই মোল্লা | গ্রাম:- গজালিয়া, ডাকঘর:- কেশবকাঠী, উপজেলা:- উজিরপুর, জেলা:- বরিশাল |
| ৮. | ১৩০০১০২৭ | প্রার্থীর নাম:- মোসাঃ নুরনেসা সাথী<br>পিতার নাম:- মোঃ নুরুল ইসলাম | গ্রাম/রাস্তা: শালালপুর, শালালপুর, ডাকঘর: মল্লিকপুর-৬৩২১, উপজেলা: নাচোল, জেলা: চাঁপাইনবাবগঞ্জ |

**শর্তাদি:**

২.১ নির্বাচিত প্রার্থীদেরকে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত শারীরিক যোগ্যতার সনদপত্র চাকুরিতে যোগদানের সময় দাখিল করতে হবে;

২.২ চারিত্রিক ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে;

২.৩ পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

২.৪ যোগদানের সময় সকল সনদপত্রসহ অন্যান্য কাগজপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

২.৫ স্বাস্থ্য সেবা বিভাগে যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গণ্য হবে;

২.৬ শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, শিক্ষানবিশির আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই, তবে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরির অবসান ঘটাতে পারবেন;

২.৭ চাকরিতে যোগদানের পর ০২ (দুই) বছরের মধ্যে তিনি যদি ন্যায়সঙ্গত কারণ ছাড়া চাকরিতে ইস্তফা দেন বা দিতে ইচ্ছুক হন, তবে তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত অর্থ অথবা বেতন ও আনুতোষিক হিসেবে প্রাপ্ত অর্থ সরকারকে ফেরত দিতে বাধ্য থাকবেন এবং তিনি যদি সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে চাকুরিতে অনুপস্থিত থাকেন তবে তার নিকট প্রাপ্য সমূদয় অর্থ সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর বিধান মোতাবেক আদায় করা হবে।

২.৮ সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে সমস্ত পরীক্ষায় উত্তীর্ণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহণ না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না;

২.৯ মুক্তিযোদ্ধা, আনসার-ভিডিপি এবং এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় কোটা-প্রাপ্যতা যদি ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাতিল হয়, তাহলে তাদের এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

২.১০ এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান প্রযোজ্য হবে;

০৩। উপর্যুক্ত শর্তাবলির আওতায় এ নিয়োগপত্র গ্রহণে সম্মত থাকলে **আগামী ২২.১২.২০২১ পূর্বাহ্নে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় যোগদানপত্র দাখিল করতে হবে।** নির্ধারিত তারিখে যথাসময়ে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

০৫। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

১২/১২/২০২১
**(আনজুমান আরা)**
উপসচিব
ফোন: ২২৩৩৫৭৯৮৫
admin1@hsd.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০১.২০-১৬৭২ তারিখ: ১২ ডিসেম্বর, ২০২১
২৭ অগ্রহায়ণ, ১৪২৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২. উপসচিব (নিরাপত্তা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (তালিকায় বর্ণিত প্রার্থীদেরকে বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করা হল।)
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়/........................................... ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ১ নং গেইট, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯. যুগ্মসচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০. জনাব/বেগম.......................................................................................................................

১২/১২/২০২১
**(আনজুমান আরা)**
উপসচিব